

## “বাংলাদেশের ট্যানারি শিল্পে LWG সনদ অর্জনে করণীয়” শীর্ষক কর্মশালা ও LWG সনদপ্রাপ্ত ট্যানারির সম্মাননা প্রদান অনুষ্ঠান



“বাংলাদেশের ট্যানারি শিল্পে LWG সনদ অর্জনে করণীয়” শীর্ষক কর্মশালা ও LWG সনদপ্রাপ্ত ট্যানারির সম্মাননা প্রদান অনুষ্ঠান ০৪ ডিসেম্বর, ২০২৩ তারিখ স্যামসন এইচ চৌধুরী সেন্টার (২য় তলা), ঢাকা ক্লাব লিঃ, রমনা, ঢাকা –তে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব তপন কান্তি ঘোষ, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় ও চেয়ারম্যান, বিজনেস প্রমোশন কাউন্সিল (বিপিসি)। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আবদুর রহিম খান, কো-অর্ডিনেটর, বিজনেস প্রমোশন কাউন্সিল (বিপিসি) ও অতিরিক্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়। কর্মশালা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ শাহীন আহমেদ, চেয়ারম্যান, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)। বাংলাদেশের ট্যানারি শিল্পে LWG সনদ অর্জনে করণীয়” এর উপর কি-নোট উপস্থাপন করেন জনাব নূর মুহাম্মদ, সহকারী অধ্যাপক, ইনস্টিটিউট অব লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি, ঢাকা বিশ্ববিদ্যালয়। LWG সনদ অর্জনে ট্যানারিগুলোর সক্ষমতা বৃদ্ধির জন্য বিটিএ ও এলএসবিপিসি, বাণিজ্য মন্ত্রণালয় এর যৌথ উদ্যোগে ২০১৮-২০১৯ অর্থবছর থেকে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়ন করা হয়েছে। এই কর্মসূচীর আওতায় ২৫টি ট্যানারি নির্বাচন করে বিভিন্ন কনসালটেন্ট দ্বারা LWG এর সর্বশেষ Protocol অনুযায়ী GAP Analysis করে বর্তমান অবস্থা তুলে ধরা হয় এবং করণীয়সমূহ চিহ্নিত করে গাইডলাইন তৈরী করা হয়। কনসালটেন্ট কর্তৃক প্রতিটি ট্যানারির মনোনীত প্রতিনিধিদেরকে এর তৈরীকৃত গাইডলাইন অনুযায়ী কাজ করার জন্য প্রশিক্ষিত করে তোলা হয়। পরবর্তীতে যেসকল ট্যানারি LWG সনদ অর্জনে অধিকতর সক্ষম সেরকম ১২টি ট্যানারি নির্বাচন করে ২০২২-২০২৩ অর্থবছরের ফেলো-আপ কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়। এই কার্যক্রমের মাধ্যমে ১২টি ট্যানারির মধ্যে নিজস্ব ইটিপি থাকায় খুলনায় অবস্থিত সুপারেক্স লেদার লিমিটেড Silver ক্যাটাগরিতে LWG সনদ এবং যশোরে অবস্থিত এস,এ,এফ ইন্ডাস্ট্রিজ লিঃ Gold ক্যাটাগরিতে LWG সনদ পেয়েছে, কর্মশালায় সনদপ্রাপ্ত ট্যানারি প্রতিষ্ঠানসমূহকে সম্মাননা প্রদান করা হয়। কর্মশালায় অংশীজনদের আলোচনায় উঠে আসে যে, LWG সনদ অর্জনে ট্যানারিগুলোর সক্ষমতা বৃদ্ধির জন্য বিটিএ ও এলএসবিপিসি, বাণিজ্য মন্ত্রণালয় এর যৌথ উদ্যোগে বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের ফলে LWG সনদ অর্জনে সাভার ট্যানারী এস্টেটে অবস্থিত অনেকগুলো ট্যানারীর সক্ষমতা তৈরী হয়েছে। শুধুমাত্র সিইটিপি সমস্যার সমাধান না হওয়ায় সাভার ট্যানারী এস্টেটে অবস্থিত সক্ষম ট্যানারীগুলো LWG সনদ অর্জন করতে পারছে না। এবিষয়ে বিভিন্ন করণীয় নিয়ে কর্মশালায় বিস্তারিতভাবে আলোচনা করা হয় এবং কর্মশালার কি-নোটে উপস্থাপিত করণীয়সমূহ সাভার ট্যানারী এস্টেটের সিইটিপি সমস্যার সমাধানসহ LWG সনদ অর্জনে সঠিক পরিকল্পনা গ্রহণে সহায়তা করবে।